

মোঃ জালাল উদ্দিন, অতিরিক্ত উপ পরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর বানিয়াচং উপজেলা পরিদর্শনের ট্যুর নোট

পরিদর্শনের তারিখ: ০৪/১২/২০১৮খ্রি.

অদ্য সকাল ০৯.৩০টার সময় ডিএই, হবিগঞ্জ হতে রওনা দিয়ে সকাল ১১.৩০ টার সময় বানিয়াচং উপজেলায় পৌছি। উপজেলা পরিদর্শনকালে নিম্নবর্ণিত কর্মসূচি পরিদর্শন করি ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করি।

পরিদর্শিত বিষয়াবলী:

- ১। পুষ্টি প্রকল্পের আওতায় কৃষক/কৃষাণী প্রশিক্ষণে অংশ গ্রহণ।
- ২। খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় পাওয়ার টিলার চালিত বেড প্লান্টার যন্ত্রের মাধ্যমে গম প্রদর্শনী ও মাঠ দিবসে অংশ গ্রহণ।
- ৩। উপ সহকারী কৃষি কর্মকর্তাদের সাপ্তাহিক সভায় যোগদান।
- ৪। অফিস পরিদর্শন।

নির্দেশনা বলী:

- ১। পুষ্টি প্রকল্পের আওতায় কৃষক/কৃষাণী প্রশিক্ষণে মৌসুমে পতিত উচু জমিতে আদর্শ ফল বাগান স্থাপন করার পরামর্শ প্রদান করি।
- ২। খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির আওতায় পাওয়ার টিলার চালিত বেড প্লান্টার যন্ত্রের মাধ্যমে নন্দীপাড়া ব্লকের প্রদর্শনী ও মাঠ দিবসে কম খরচে শস্য বপনের কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। কৃষক গণ জানায় যে তাদের এলাকায় শ্রমিক সংকট আছে। এ ধরনের প্রযুক্তি ব্যবহারে তাদের মধ্যে খুবই আগ্রহ লক্ষ্য করা গেছে। বিশেষ করে ৭০% ভর্তুকীতে কৃষি যন্ত্রপাতি ক্রয়ে তাদের আগ্রহ আছে। তাই আগ্রহী কৃষক তালিকা তৈরী করে প্রকল্প পরিচালক বরাবরে পাঠানোর জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।
- ৩। উপ সহকারী কৃষি কর্মকর্তাদের সাপ্তাহিক সভায় মাঠ পর্যায়ে কাজ কর্ম সুষ্ঠুভাবে বাস্তবায়ন, ডিজিট সিডিউল সুষ্ঠুরূপে বাস্তবায়ন, সঠিকভাবে প্রদর্শনী স্থাপন ও বাস্তবায়ন, কৃষক পরামর্শ জোড়দার করা, ডায়রী লেখা ও অন্যান্য বেশ কিছু বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। বিভাগীয় ভাবমূর্তি সমোন্নত রেখে মাঠ পর্যায়ে দ্বায়িত্বে আরো মনোযোগী হবার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।
- ৪। দাপ্তরিক কাজকর্মে গতিশীলতা আনয়নের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করি। এসএএওদের ডায়রী যথারীতি লেখা, ডিজিট সিডিউল নিয়মিত দাখিল ও ফলোআপ করা, প্রদর্শনীসমূহ নিয়মিত পরিদর্শন করা ইত্যাদি বিষয়ে তাকে নির্দেশনা প্রদান করা হয়।

০৪/১২/২০১৮

(মো: জালাল উদ্দিন)

অতিরিক্ত উপ পরিচালক(শস্য)

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ি, হবিগঞ্জ।